প্রথম আলো

রোববার, ১০ ফেব্রুয়ারি ২০১৯, ২৮ মাঘ ১৪২৫ • প্রথম আলো



# এক মানচিত্রে আসছে সব পোশাক কারখানা

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

রপ্তানিমুখী সব পোশাক কারখানার তথ্য এক মানচিত্রে আনছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এন্ট্রাপ্রেনিউরশিপ ফাউন্ডেশন। ম্যাপড ইন বাংলাদেশ নামের এ প্রকল্পের প্রাথমিক সংস্করণের গতকাল শনিবার উদ্বোধন হয়েছে। গুগল মানচিত্রের আদলে তৈরি করা এ মানচিত্র তৈরির কাজ শেষ হবে ২০২১ সালের মার্চে। গতকাল বিজিএমইএ ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কাজের উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি।

অনুষ্ঠানে জানানো হয়, এ ডিজিটাল মানচিত্রে মিলবে কারখানার ধরন, উৎপাদিত পণ্য, প্রস্তুত প্রক্রিয়া, শ্রমিক, ক্রেতা, অবকাঠামো, রপ্তানিসহ সংশ্লিষ্ট কারখানার বিভিন্ন তথ্য। যাতে বিদেশি ক্রেতারা সহজেই যেকোনো প্রতিষ্ঠান সম্পর্কে যাবতীয় তথ্য পেয়ে যাবেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, '৩৩ বছর ধরে আমি পোশাক ব্যবসা করি। ১ মাস হলো মন্ত্রী হয়েছি। পোশাক খাতের ছোট সমস্যা এমনভাবে প্রচার করা হয়, যা দুঃখজনক। সমস্যা হলেই তা বড় করে লেখা হয়। তবে অনেক ভালো খবর থাকে, যা প্রকাশ পায় না।'

বাণিজ্যমন্ত্রী বলেন, 'শ্রমিকদের বেতন বৃদ্ধি করা হলেও আমরা পোশাকের ন্যায্য মূল্য পাচ্ছি না। এ হিসাব সবাই জানে, কিন্তু কেউ বলে না। পোশাক খাতের মজুরি বৃদ্ধি নিয়ে আলোচনা হলে কেন পোশাকের মূল্য বাড়ছে না, তা-ও নিয়ে আলোচনা হওয়া প্রয়োজন।'

বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের (এফবিসিসিআই) সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বলেন, তাজরীন ও রানা প্লাজা দুর্ঘটনার পর দেশের পোশাক খাত নতুন যুগে প্রবেশ করেছে। তবে বাংলাদেশের মতো অন্য দেশগুলো এগিয়ে এলে ভালো হতো। অনেক বিষয় নিয়ে আলোচনা হলেও পোশাকের মূল্য নিয়ে কোনো আলোচনা হচ্ছে না।

বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান একটি গবেষণা সংস্থার উদ্দেশে বলেন, পোশাকের ন্যায্য মূল্যের কথা ক্রেতাদের কেন বলেন না। গবেষণা করলে শুধু শ্রমিক নয়, উভয় পক্ষের জন্য করবেন। ৫ হাজার শ্রমিকের চাকরি গেলেই মায়াকান্না শুরু হয়।

অনুষ্ঠানে ব্র্যাকের জ্যেষ্ঠ পরিচালক আসিফ সালেহ, প্রকল্পের প্রধান অধ্যাপক রহিম বি তালুকদারসহ পোশাক খাতের বিভিন্ন সংগঠনের নেতারা বক্তব্য দেন।